ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে






DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৯০ ● কলকাতা ● ২০ চৈত্র, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ০৩ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# লোকসভায় পেশ হল ওয়াকফ সংশোধনী বিল, আপত্তি বিরোধীদের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী কিরেন রিজিজু বুধবার লোকসভায় পেশ করলেন বহু বিতর্কিত-চর্চিত ওয়াকফ সংশোধনী বিল। বিল পেশের আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, এই বিল যোথ সংসদীয় কমিটিতে পাঠানো হয়েছিল। এবং নতুন বিল ক্যাবিনেটেও অনুমোদন পেয়েছে। আমরা কংগ্রেস কমিটির মতো নয়।অর্থাৎ ইন্ডিয়া জোটের সংখ্যা ২৩৫। ফলে ভোটাভুটি হলে বিরোধী জোটের পরাজয় সংখ্যাতত্ত্বের বিচারে অনিবার্য। তবে মিমের প্রধান আসাউদ্দিন ওয়েইসি এই বিলের কট্টর বিরোধী হলেও তিনি ইন্ডিয়া জোটের শরিক নয়। এছাড়াও ওয়াইএসআরসিপির ৪ জন এমপিও জোট নিরপেক্ষ হলেও তাঁরা বিরুদ্ধে ভোট দেবেন।যে কমিটি একটি রাবার স্ট্যাম্পের মতো। আমাদের কমিটি যথাযথভাবে বিচার করে এবং বিল নিয়ে বিতর্কের সুযোগ রয়েছে।

ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৪ নিয়ে আজ, বুধবার উত্তপ্ত হতে চলেছে লোকসভা। শাসক ও বিরোধী দল উভয়েই শক্তি প্রদর্শনে কোমর বেঁধে নেমেছে। বিল পেশের আগেই কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী কিরেন রিজিজু সকালেই জানিয়ে দিলেন যে, বেশ কিছু বিরোধী দলের সদস্য ব্যক্তিগতভাবে এই সংশোধিত বিলের সমর্থক। যদিও তাদের দলগত অবস্থান ভিন্ন।

এই সংশোধনী বিলে ওয়াকফ সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও প্রশাসনিক উন্নয়নের প্রস্তাব আনা হয়েছে। ২০২৪ সালের অগস্ট মাসে লোকসভায় প্রাথমিকভাবে এই বিলটি পেশ করা হলেও বিরোধী দলগুলি ও বিভিন্ন মুসলিম সংগঠনের বিরোধিতায় এই বিলকে যৌথ সংসদীয় কমিটিতে পর্যালোচনার জন্য পাঠানো হয়। বিরোধী এই সংশোধনীর প্রবল

এরপর ৬ পাতায়






# কেন জেলা গোয়েন্দা বিভাগ জানতে পারল না বাজি কারখানা নিয়ে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ঢোলাহাট-কাণ্ডে জেলা পুলিশ সুপার কোটেশ্বর রাওয়ের ভূমিকায় ক্ষুব্ধ রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার। সূত্রের খবর, ঢোলাহাটের বিস্ফোরণের ঘটনায় জেলা গোয়েন্দা বিভাগের ব্যর্থতাকেই দায়ী করেছেন তিনি। এ নিয়ে সুন্দরবন পুলিশ জেলার পুলিশ সুপারের সঙ্গে মঙ্গলবার ভার্চুয়ালি কথা বলেন ডিজিপি বলে খবর।এ দিন আবার এই বিস্ফোরণের ঘটনায় সচেতনতার অভাবকেই দায়ী করেছেন এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতীম সরকার। ভবানীভবন থেকে করা সাংবাদিক বৈঠকে পুলিশ কর্তা দাবি করেছেন, বাড়িতে দাহ্য পদার্থ মজুত রেখে, সেখানেই আবার রান্নাবান্নার কাজ করলে,গ্যাস জ্বালালে এই ধরনের ঘটনা ঘটবেই। নিতান্তই সচেতনতার অভাবেই এই ধরনের ঘটনা। উল্লেখ্য, সোমবার রাতে পাথরপ্রতিমার ঢোলাহাটে বিস্ফোরণে কেঁপে ওঠে পাথরপ্রতিমার ঢোলাহাটের একটি বাড়ি। এই ঘটনায় একই পরিবারের আট জনের মৃত্যু হয়েছে। তার মধ্যে রয়েছে চার দুধের শিশু। ৬ মাস, ৪মাস ও ৮ মাস। মৃত্যু হয়েছে ১১ বছরের এক কিশোরেরও। ঘটনায় বাড়ি মালিক ও তাঁর ভাইয়ের বিরুদ্ধে মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ।কারণ, পুলিশ সুপার কোটেশ্বর রাও নিজেই জেলা গোয়েন্দা বিভাগের মাথায় রয়েছেন। ফলে তাঁর কাছে কেন এই বাজি কারখানার খবর ছিল না তা জানতে চাওয়া হয়েছে বলে জানা যাচ্ছে।

সূত্রের খবর, রাজীব কুমার জানতে চেয়েছেন, কেন জেলা গোয়েন্দা বিভাগের কাছে খবর ছিল না বাজি কারখানা নিয়ে। শুধু তাই নয়, কেন তাঁরা জানতে পারেননি এইভাবে বাজি মজুতের? সূত্রের খবর, পুলিশ সুপারকে ক্ষুব্ধ ডিজি এও প্রশ্ন করেছেন, কোথায় কোথায় এমন বাজি কারখানা ও বাজি মজুত রয়েছে? সবটা অবিলম্বে খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ারও পুলিশ সুপারকে নির্দেশ দেওয়া হয়েছে বলে খবর। একই সঙ্গে জেলা প্রশাসনের কাছে ঘটনার পূর্ণাঙ্গ রিপোর্ট চেয়ে পাঠিয়েছেন মুখ্যসচিব মনোজ পন্থ।

## বেলঘরিয়ায় তৃণমূল নেতা খুনের তদন্তে ফরেনসিক টিম, সংগ্রহ করল একাধিক নমুনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**বেলঘরিয়া:** তৃণমূল কংগ্রেস কর্মী খুনের ঘটনায় সিআইডি ফরেনসিক বিশেষজ্ঞরা স্পটে গিয়ে তদন্ত করে সমস্ত কিছু নিয়ে ঘটনাস্থল থেকে বেরিয়ে যান। যাওয়ার সময় ফরেনসিক বিশেষজ্ঞরা জানায় তদন্ত চলছে। সূত্রের খবর, ঘটনাস্থল থেকে বেশ কিছু নমুনা সংগ্রহ করেন তারা।এদিকে,বুধবার সাত সকালে কামারহাটি পৌরসভার ৩৫ নম্বর ওয়ার্ডের অন্তর্গত বেলঘরিয়া রাজীব নগর এলাকায় উদ্ধার হয় রক্তাক্ত তৃণমূল নেতা এনায়েতুল্লাহ ওরফে রোহনের (৩৮) মৃতদেহ।

তবে স্থানীয় সূত্রে খবর প্রোমোটারি ও জমির দালালি

এরপর ৪ পাতায়

## কোনও স্লোগান নয়, বাজানো যাবে না মাইকও', মিছিলে শর্তসাপেক্ষে অনুমতি দিল হাইকোর্ট

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শর্ত সাপেক্ষে বিজেপির মিছিলের অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। তবে মিছিলের পথ বদলে দিল কোর্ট। বিজেপি দলীয় কার্যালয় থেকে শুরু করে যোগাযোগ ভবন হয়ে মিছিল শেষ করতে হবে ওয়াই চ্যানেলে। নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এর আগে মিছিলের রুট ছিল বিজেপির দলীয় কার্যালয় থেকে মুখ্য নির্বাচনী আধিকারিকের অফিস (সিও) পর্যন্ত।এ দিন মামলাকারীর আইনজীবী ময়ূখ মুখোপাধ্যায় কোর্টে সওয়াল করেন, "আজ কোনও পরীক্ষা নেই। তাও মিছিলের অনুমতি দেওয়া হয়নি। তিরিশ জন বিধায়ককে নিয়ে বিরোধী দলনেতা মিছিল করবেন। দু'হাজার লোক থাকবে। কোনও বক্তব্য রাখা হবে না।"



এরপর বিচারপতি বলেন, "সন্ধে ছ'টায় গেলে কী অসুবিধা হবে? ওখানে কোন সিও নেই। আপনি কি অ্যাডিশনাল সিও-এর সঙ্গে দেখা করবেন? আপনাকে লোক সংখ্যা কমাতে হবে।" এরপর রাজ্যকে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ প্রশ্ন করেন, "চারটের পর কে পরীক্ষা দিতে যাবে?" উত্তরে রাজ্যের তরফে আইনজীবী শীর্ষন্য বন্দ্যোপাধ্যায় বলেন, "আইসি এসসি-র পরীক্ষা আছে। অফিস ছুটির সময়। অন্য রাস্তা দিয়ে যাক। রাজা সুবোধ মল্লিক স্কোয়ার থেকে যাক।"উল্লেখ্য, ভুয়ো ভোটার নিয়ে আগেই সরব হয়েছিল তৃণমূল। এরপর ময়দানে নামে বিজেপি-ও। তাঁদের দাবি, বেছে-বেছে হিন্দু ভোটারদের নাম কেটে বাদ দেওয়া হচ্ছে লিস্ট থেকে। এরই প্রতিবাদে সরব হয় গেরুয়া শিবির। পরবর্তীতে তারা মিছিলের পরিকল্পনা করে। কিন্তু পুলিশ অনুমতি না দেওয়ায় হাইকোর্টের দ্বারস্থ হয় বিজেপি।

বুধবার বিচারপতি তীর্থঙ্কর ঘোষ নির্দেশ দিয়েছেন, দশ জন প্রতিনিধি দল শুধু যেতে পারবেন সিও অফিসে। মিছিল চারটে থেকে হবে চলবে সন্ধে ছ'টা পর্যন্ত। মিছিলে থাকবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এক হাজারের বেশি লোক নয়। কোনও রকম স্লোগান নয়। যাবে না মাইক বাজানো।






# জার্মান বিলাসবহুল গাড়ি নির্মাতা Audi India ২০২৫ সালের প্রথম ত্রৈমাসিকের বিক্রির রিপোর্ট প্রকাশ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

জার্মান বিলাসবহুল গাড়ি নির্মাতা Audi India ২০২৫ সালের প্রথম ত্রৈমাসিকের বিক্রির রিপোর্ট প্রকাশ করেছে, যেখানে কোম্পানি ১,২২৩ ইউনিট বিক্রি করেছে। এটি ২০২৪ সালের প্রথম ত্রৈমাসিকের তুলনায় ১৭% প্রবৃদ্ধি নির্দেশ করে, যা ভারতের (Luxury Car) বাজারে Audi-র ক্রমবর্ধমান জনপ্রিয়তাকে তুলে ধরে।



এই শক্তিশালী পারফরম্যান্সের মূল কারণগুলির মধ্যে অন্যতম হল Audi Q7 এবং Audi Q8 মডেলের ব্যাপক জনপ্রিয়তা। ২০২৪ সালে সংস্থাটি ভারতের রাস্তায় ১,০০,০০০ গাড়ির মাইলফলক স্পর্শ করেছিল, যা তাদের বাজারে শক্ত অবস্থান নিশ্চিত করেছে। এছাড়া, গত বছর সরবরাহ শৃঙ্খলে যে চ্যালেঞ্জ ছিল, তা কাটিয়ে উঠতে সক্ষম হয়েছে সংস্থা, যার ফলে বিক্রি বৃদ্ধি পেয়েছে।

Audi India-র প্রধান, মি. বালবীর সিং ধিল্লন বলেন, “২০২৫ সালের প্রথম ত্রৈমাসিক ইতিবাচক ফলাফলের মাধ্যমে শুরু করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। গ্রাহকদের বিশ্বাস এবং আমাদের শক্তিশালী পণ্য পোর্টফোলিওর কারণেই এই প্রবৃদ্ধি সম্ভব হয়েছে। ২০২৪ সালে যে সরবরাহ সংক্রান্ত চ্যালেঞ্জ ছিল, তা কাটিয়ে ওঠার ফলে এখন আমরা (Luxury Mobility) চাহিদা মেটাতে আরও প্রস্তুত। আগামীতেও আমরা গ্রাহকদের জন্য আরও উন্নত অভিজ্ঞতা এবং পণ্য সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ।”

Audi-র (Pre-Owned Car) ব্যবসা, Audi Approved: plus, এই ত্রৈমাসিকে ২৩% বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এটি দেশের ২৬টি প্রধান কেন্দ্রে পরিচালিত হচ্ছে এবং ভবিষ্যতে আরও সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। ক্রমবর্ধমান (Certified Pre-Owned Luxury Vehicles) চাহিদার কারণে Audi India এই বিভাগে বিশেষ গুরুত্ব দিচ্ছে।

সম্প্রতি, Audi India তাদের নতুন ‘Audi RS Q8 Performance’ SUV লঞ্চ করেছে, যা কোম্পানির সবচেয়ে শক্তিশালী SUV। এটি (Exceptional Performance) এবং (Everyday Usability) এর সংমিশ্রণে বিলাসবহুল গাড়িপ্রেমীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। ইতিমধ্যেই এই মডেলের বুকিং সম্পূর্ণ হয়ে গেছে এবং এটি ২০২৫ সালের তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত বিক্রয়ের জন্য উপলব্ধ থাকবে না।

Audi India-র এই শক্তিশালী প্রবৃদ্ধি দেশের (Luxury Car) বাজারের ইতিবাচক দিককেই তুলে ধরে। সংস্থাটি ভবিষ্যতে আরও নতুন মডেল এবং (Pre-Owned Car) সেগমেন্টের সম্প্রসারণের মাধ্যমে তাদের অবস্থান শক্তিশালী করার পরিকল্পনা নিয়েছে।

# সংসদে ওয়াকফ সংশোধনী বিল পেশ, ইউপিএ সরকারের বিরুদ্ধে তোপ কেন্দ্রের

**বেবি চক্রবর্তী: দিল্লি**

বিতর্কের মধ্যেই বুধবার লোকসভায় ওয়াকফ সংশোধনী বিল পেশ করল কেন্দ্র। কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সংসদে বিলটি পেশ করেন এবং ইউপিএ সরকারের বিরুদ্ধে একের পর এক চাঞ্চল্যকর অভিযোগ তোলেন। তাঁর দাবি, ২০১৪ সালের আগে কংগ্রেস নেতৃত্বাধীন ইউপিএ সরকার যেভাবে একের পর এক সম্পত্তি ওয়াকফ বোর্ডের হাতে তুলে দিচ্ছিল, তাতে দেশের বহু গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষা করা সম্ভব হতো না। তিনি সাফ জানান, "মোদী সরকারের পদক্ষেপ না থাকলে, সংসদ ভবনও একদিন ওয়াকফ সম্পত্তিতে পরিণত হতো।রিজিজু আরও জানান, বিলটির বিরোধিতাকারীদের মুসলিম বিরোধী হিসেবে গণ্য করা হবে। তিনি স্পষ্ট করেন, ভবিষ্যতে যাতে গুরুত্বপূর্ণ সরকারি সম্পত্তি ওয়াকফ বোর্ডের অধীনে না আসে, সেই লক্ষ্যেই বিলটিতে একাধিক সংশোধনী আনা হয়েছে।

এদিকে, কেন্দ্রের এনডিএ শরিক দলগুলির মধ্যে টিডিপি এবং জেডিইউ ইতিমধ্যেই বিলের প্রতি সমর্থন জানিয়েছে। লোকসভায় বিজেপির ২৪০ জন সাংসদ থাকার কারণে বিলটি পাস হতে তেমন কোনো সমস্যা হওয়ার কথা নয়। রাজনৈতিক মহলে এই বিলকে কেন্দ্র করে বিতর্ক আরও বাড়বে বলে মনে করা হচ্ছে।

# বিশ্বজুড়ে বাণিজ্য যুদ্ধে ভারতের উপর ক্ষোভ প্রকাশ ট্রাম্পের

**বেবি চক্রবর্তী: দিল্লি**

ট্রাম্প মসনদে বসার পরেই বিশ্বজুড়ে বাণিজ্য যুদ্ধ শুরু করেছে ডোনাল্ড ট্রাম্প। এবার আবার তীব্র ক্ষোভ প্রকাশ করেছে ভারতের বিরুদ্ধে। 'বন্ধু' ভারতের উপরেও কি চড়া হারে শুল্ক চাপাবে আমেরিকা? গত কয়েকদিন ধরেই এই নিয়ে জল্পনা চলছে ওয়াকিবহাল মহলে। বুধবারই নতুন শুল্কের হার ঘোষণা করতে চলেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার আগেই হোয়াইট হাউসের মুখপাত্র ক্যারোলিন লেভিট জানালেন, বেছে বেছে কয়েকটি দেশের উপরেই কর বসানোর কথা ভাবছে ট্রাম্প প্রশাসন! ট্রম্প প্রশাসনে নীতি তিনি স্পষ্ট করেছেন। ভারতের বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েল এবং মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ারের নেতৃত্বে এই বৈঠক হয়। আলোচনার আগেই অবশ্য আমেরিকার প্রতি নমনীয় হওয়ার বার্তা দিয়েছে নয়াদিল্লি। সম্প্রতি লোকসভায় দেশের বাণিজ্য প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ জানিয়েছেন ২০২৩ সালে ভারতের সরল গড় শুল্ক হার ছিল ১৭ শতাংশ। ২০২৫-২৬ সালের কেন্দ্রীয় বাজেটের পরে সরল গড় শিল্প শুল্ক ১০.৬৬-এ কমিয়ে আনা হয়েছে। তারপরে শোনা যায়, শুল্ক বসানো নিয়ে ভারত এবং আমেরিকার প্রতিনিধিদের মধ্যে আলোচনা চলছে। যথেষ্ট ইতিবাচক আলোচনা হয়েছে দুপক্ষে। ভারতের তরফে চেষ্টা চালানো হচ্ছে, ভারতীয় পণ্যের উপর যেন একলাফে বিরাট পরিমাণ শুল্ক চাপানো না হয়। বরং ধাপে ধাপে শুল্কের পরিমাণ বাড়ুক। এছাড়াও যেসব ভারতীয় পণ্যের চাহিদা বেশি, সেই পণ্যের উপর শুল্কের হার কিছুটা কমাতেও চেষ্টা করছে ভারত।

## সম্পাদকীয়

# চিলির প্রেসিডেন্টকে আপ্যায়ন করলেন রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে চিলির প্রেসিডেন্ট গ্যাব্রিয়েল বরিক ফন্টকে স্বাগত জানান এবং তাঁর সম্মানে একটি ভোজসভারও আয়োজন করেন।

প্রেসিডেন্ট বরিক এই প্রথম ভারত সফরে এসেছেন। রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু বলেন, ছাত্র রাজনীতি থেকে পর্যায়ক্রমে চিলির প্রেসিডেন্ট পদে সমাসীন প্রেসিডেন্ট বরিক সারা বিশ্বের তরুণ নেতাদের কাছে প্রেরণার উৎস। ভারত ও চিলির কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছরে চিলির প্রেসিডেন্টের এদেশ সফর দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে এক উল্লেখযোগ্য মাইলফলক। লাতিন আমেরিকার দেশগুলির মধ্যে চিলি ভারতের গুরুত্বপূর্ণ অংশীদার। বাণিজ্য, বিনিয়োগ, প্রযুক্তি এবং সাংস্কৃতিক ক্ষেত্রে অংশীদারিত্ব বাড়ানোর অনেক সুযোগ রয়েছে। সাম্প্রতিককালে দ্বিপাক্ষিক বাণিজ্য অনেকটাই বেড়েছে এবং চিলিতে অনেক ভারতীয় সংস্থা বিনিয়োগ করছে। ঐ দেশে ভারতীয় রন্ধনশৈলী, যোগ এবং আয়ুর্বেদকে জনপ্রিয় করে তুলছেন প্রবাসী ভারতীয়রা।

উভয় নেতাই মনে করেন যে, ভারত – চিলি সম্পর্কে এক নতুন অধ্যায়ের সূচনা হতে চলেছে।

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(বারোতম পর্ব)





প্রধানত বাংলা ও উত্তর ভারতের অন্যান্য অঞ্চলে প্রচলিত। বর্ষার প্রকোপে এ সময় সাপের বিচরণ বেড়ে যায়, তাই সর্পদংশন প্রতিরোধ ও সাপের বিষের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য আষাঢ়-শ্রাবণ মাসে তাঁর পূজা করা হয়। এছাড়া ধন-সম্পদ, সন্তান-সন্ততির জন্য মা মনসার পূজা করা হয়। মনসা মূলত একজন আদিবাসী দেবতা। নিম্নবর্ণীয় হিন্দুদের মধ্যে তাঁর পূজা প্রচলিত ছিল। পরবর্তীকালে উচ্চবর্ণীয় হিন্দুসমাজেও মনসা পূজা প্রচলন লাভ করে। বর্তমানে মনসা আর আদিবাসী দেবতা নন, বরং তিনি একজন হিন্দু

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# বেলঘরিয়ায় তৃণমূল নেতা খুনের তদন্তে ফরেনসিক টিম, সংগ্রহ করল একাধিক নমুনা

সংক্রান্ত কোনও বিষয়ে ভাগ বাঁটোয়ারা নিয়ে নিজেদের মধ্যে মত বিরোধের জেরেই এই খুন বলে ধারণা। ঘটনাস্থল ঘিরে রেখেছে পুলিশ,মৃতদেহ ময়না তদন্তে মৃতদেহ পাঠানো হয়। গোটা ঘটনার তদন্তে নেমেছে বেলঘরিয়া থানার পুলিশ। রোহনের ঘনিষ্ঠ সঙ্গী সাথীদের জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।বাড়ির পাশেই মঙ্গলবার গভীর রাতে মদ্যপান করার সময় পিছন থেকে তাকে গুলি করে খুন করা হয় তাকে বলে সন্দেহ পুলিশের । সকালে উঠে স্থানীয়রা দেখতে পেলে তড়িঘড়ি করে সাগরদত্ত মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করে।

ঘটনাস্থলে বেলঘরিয়া থানার(Belgharia P.S.) বিশাল পুলিশ বাহিনী যায়। রোহন এলাকায় শাসক দল তৃণমূল কংগ্রেসের সক্রিয় সদস্য ছিল এবং তার সাথে ৩৫ নম্বর ওয়ার্ডের বিভিন্ন জায়গায় প্রোমোটারি করতো বলে পুলিশ জানতে পেরেছে। তবে মদের আসরে রোহনের সঙ্গে আর কারা ছিল তার খোঁজ করছে পুলিশ। এই ঘটনায় এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। তবে বেশ কয়েকজনকে আটক করেছে পুলিশ।এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ পিকেটিং করা হয়েছে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এরা সবাই শনি দেবের কাছে পরাজিত হয়ে ফিরে এলেন । তখন শিব ক্রুদ্ধ হয়ে নিজেই শনির সঙ্গে যুদ্ধ করার জন্য তৃতীয় নয়ন খুললেন । শনি তার মারক দৃষ্টি দিয়ে শিব কে দেখলেন ।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ন্যাসকম ফাউন্ডেশন, এইচএসবিসি, ইন্ডিয়ার সহযোগিতায় 4000 নারী উদ্যোক্তাকে তাদের উদ্যোক্তা আকাঙ্ক্ষা পূরণের জন্য ডিজিটাল দক্ষতা প্রদান করবে

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**কলকাতা এপ্রিল, ২০২৫:** ডিজিটাল অর্থনীতিতে গ্রামীণ নারী উদ্যোক্তাদের ক্ষমতায়নের জন্য একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করে, ন্যাসকম ফাউন্ডেশন দিল্লি, কর্ণাটক, তেলেঙ্গানা, তামিলনাড়ু এবং পশ্চিমবঙ্গ রাজ্যের 4000 নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ দেওয়ার জন্য ভারতের এইচএসবিসি'র সাথে সহযোগিতা করেছে। "আপস্কিলিং ওমেন এন্টারপ্রেনিউরস এন্ড এনহ্যানসিং থেইর পার্টিসিপেশন ইন দি ডিজিটাল ইকোনমি" প্রোগ্রামে অংশগ্রহণকারীরা বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে হ্যান্ডহোল্ডিং সাপোর্ট এবং অন-বোর্ডিংয়ের মাধ্যমে ইনটেনসিভ ডিজিটাল এবং আর্থিক সাক্ষরতা, উদ্যোক্তা উন্নয়ন, ব্যবসা এবং ই-গভর্নেন্স অ্যাপ্লিকেশনের উপর দৃষ্টি নিবদ্ধ করে এন্ড-টু-এন্ড হস্তক্ষেপ গ্রহণ করবে।

সীমিত ডিজিটাল এবং আর্থিক সাক্ষরতা গ্রামীণ নারী উদ্যোক্তাদের ডিজিটাল সরঞ্জাম ব্যবহার এবং ই-কমার্স প্ল্যাটফর্মে প্রবেশাধিকার লাভের ক্ষেত্রে বাধা সৃষ্টি করে, যাতে তারা তাদের ব্যবসা বৃদ্ধি করতে পারে। নারী মালিকানাধীন গ্রামীণ উদ্যোগগুলি 22-27 মিলিয়ন লোকের কর্মসংস্থানের সুযোগ করে দেয়। তবে, নারী উদ্যোক্তারা আনুষ্ঠানিক ঋণ প্রাপ্তিতে বাধার সম্মুখীন হন, মিড্ স্কেল গ্রোথের জন্য উপযুক্ত নীতিগত সহায়তার অভাব অনুভব করেন এবং মার্কেটিং, টেকনোলজি এবং এডভাইসারির মতো গুরুত্বপূর্ণ ব্যবসায়িক উন্নয়ন পরিষেবা থেকে বঞ্চিত হন। এই উদ্যোগের লক্ষ্য হলো নারীদের অর্থনৈতিকভাবে ক্ষমতায়ন, তাদের জীবিকা উন্নত করা এবং নারীর অর্থনৈতিক ক্ষমতায়নকে চালিত করে এমন টেকনোলোজিক্যাল সলিউশন্স কে ইডেন্টিফাই, স্কিলিং এবং প্রোমোট করা যা নারীর অর্থনৈতিক ক্ষমতায়নকে চালিত করে।

ন্যাসকম ফাউন্ডেশনের সিইও, জ্যোতি শর্মা বলেন, "অর্থনৈতিক অংশগ্রহণে লিঙ্গ বৈষম্য গভীরভাবে প্রোথিত এবং উল্লেখযোগ্যভাবে উচ্চ, যা ন্যায়বিচার অর্জনের ক্ষেত্রে একটি বড় চ্যালেঞ্জ তৈরি করে। এই উদ্যোগটি সেই বৈষম্য দূর করার জন্য আমাদের প্রতিশ্রুতি প্রতিফলিত করে। অন্তর্ভুক্তি বৃদ্ধি এবং ন্যায়সঙ্গত সুযোগ তৈরির ক্ষেত্রে প্রযুক্তি একটি শক্তিশালী অনুঘটক হিসেবে প্রমাণিত হয়েছে, এবং আমরা নারীদের জীবিকা, অর্থনৈতিক নিরাপত্তা এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধির জন্য ডিজিটাল ইনক্লুশনকে এগিয়ে নেওয়ার জন্য নিবেদিতপ্রাণ। এইচএসবিসি ইন্ডিয়ার সাথে আমাদের সহযোগিতার মাধ্যমে, আমরা ইনোভেটিভ, টেক ইনেবেল সলিউশন্স পরিচালনা করার লক্ষ্য রাখি যা ভারত জুড়ে নারীদের ক্ষমতায়ন করে, সকলের জন্য আরও ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যত গড়ে তোলার আমাদের যৌথ দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ।"

মমতা মাডিরেড্ডি, ভারতের এইচএসবিসি গ্লোবাল সার্ভিস সেন্টারের প্রধান," এইচএসবিসিতে অন্তর্ভুক্তি আমাদের পরিচয় এবং আমরা কীভাবে এটিকে সামগ্রিকভাবে গ্রহণ করি তা সংজ্ঞায়িত করে। আমরা আমাদের গ্রাহক, মানুষ এবং আমরা যে সম্প্রদায়গুলিতে কাজ করি তাদের সাথে একটি অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরি করার চেষ্টা করি।আমি বিশ্বাস করি, ক্ষমতায়নের সাথে সাথে প্রবৃদ্ধি আসে। এবং স্কেলস অপেরেশন্সের জন্য, প্রযুক্তির ব্যবহার নারীদের এগিয়ে যেতে, তাদের উদ্যোক্তা দক্ষতা বৃদ্ধি করতে এবং সীমানা ছাড়িয়ে যেতে সাহায্য করবে। ন্যাসকম ফাউন্ডেশনের সাথে অংশীদারিত্বে, টেক ফর গুড প্রোগ্রামটির বিশালতা বৃদ্ধি করে সম্প্রদায়ের অপ্রাপ্তবয়স্ক মহিলাদের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরিতে একটি প্ল্যাটফর্ম প্রদান করে।"

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# টাটা মোটর্সের নতুন ক্যাম্পেনে Vicky Kaushal, আত্মপ্রকাশ 'Take the Curvv' এর

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন




Vicky Kaushal : ভারতের শীর্ষস্থানীয় গাড়ি নির্মাতা Tata Motors সম্প্রতি ঘোষণা করেছে যে বলিউড অভিনেতা Vicky Kaushal এখন থেকে তাদের যাত্রী এবং বৈদ্যুতিক গাড়ি বিভাগের ব্র্যান্ড অ্যাম্বাসেডর। বহুমুখী চরিত্রে অভিনয় এবং প্রচলিত ধারা ভাঙার জন্য পরিচিত Vicky-এর ক্যারিয়ারের পথচলা Tata Motors-এর উদ্ভাবন, উৎকর্ষতা এবং অগ্রগতির দর্শনের সঙ্গে পুরোপুরি মেলে।

Vicky Kaushal কঠোর পরিশ্রম, স্বকীয়তা এবং চ্যালেঞ্জিং চরিত্র গ্রহণের মানসিকতার মাধ্যমে বলিউডে তার শক্ত অবস্থান গড়ে তুলেছেন। একইভাবে Tata Motors প্রযুক্তি, ডিজাইন এবং পারফরম্যান্সের ক্ষেত্রে নতুন মাত্রা সংযোজন করে ভারতীয় গাড়ি শিল্পকে নতুন উচ্চতায় নিয়ে গেছে। তাদের এই পারস্পরিক মূল্যবোধের ভিত্তিতেই এই নতুন অংশীদারিত্ব গড়ে উঠেছে।

এই সহযোগিতা শুরু হবে আসন্ন IPL মরসুমে Tata Motors-এর নতুন গাড়ি (Tata Curvv)-এর প্রচারণার মাধ্যমে। 'Take the Curvv' নামের এই ক্যাম্পেইন শুধু একটি গাড়ির প্রচার নয়, বরং এটি এক নতুন দৃষ্টিভঙ্গির প্রতিফলন। এই ক্যাম্পেইন দেখাবে কীভাবে Curvv শুধু একটি গাড়ি নয়, বরং এটি সাহস, আত্মবিশ্বাস এবং নিজের ইচ্ছাকে অনুসরণ করার প্রতীক। যেখানে সবাই সরল পথে এগিয়ে চলেছে, সেখানে কিছু মানুষ বাঁক নিয়ে নতুন পথ তৈরি করে—এই দর্শনকেই তুলে ধরা হবে এই ক্যাম্পেইনের মাধ্যমে।

এই বিষয়ে Tata Passenger Electric Mobility Ltd.-এর চিফ কমার্শিয়াল অফিসার Vivek Srivatsa বলেন, "আমরা সবসময় নতুন উচ্চতায় পৌঁছানোর চেষ্টা করি এবং গাড়ির জগতে নতুন মানদণ্ড স্থাপন করতে চাই। আমাদের ব্র্যান্ডের মূল দর্শন উদ্ভাবন এবং ইতিবাচক পরিবর্তন আনা, যা Vicky Kaushal-এর জীবনযাত্রার সঙ্গেও মিলে যায়। উভয়েই ভারতের প্রতি গর্ব অনুভব করে এবং দেশকে বিশ্ব দরবারে আরও এগিয়ে নিয়ে যাওয়ার স্বপ্ন দেখে। এই নতুন ক্যাম্পেইন 'Take the Curvv' তাদের জন্য যারা প্রচলিত ধারা অনুসরণ না করে নিজেদের স্বতন্ত্র পথ তৈরি করে।"

এই নতুন যাত্রায় Tata Motors-এর সঙ্গে যুক্ত হয়ে উচ্ছ্বসিত Vicky Kaushal বলেন, "Tata Motors-এর সঙ্গে যুক্ত হতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। এটি এমন একটি ব্র্যান্ড যা ভারতকে নতুনভাবে পথ দেখিয়েছে এবং আমার বিশ্বাস, উদ্ভাবন ও পরিবর্তনের প্রতি তাদের নিষ্ঠা আমার নিজের কাজের নীতির সঙ্গেও সম্পূর্ণ মেলে। 'Take the Curvv' ক্যাম্পেইন শুধু একটি গাড়ির প্রচার নয়, এটি একটি দৃষ্টিভঙ্গি যা সাহসী সিদ্ধান্ত নেওয়ার এবং নিজের উপর বিশ্বাস রাখার কথা বলে। Tata Motors-এর সঙ্গে কাজ করার জন্য আমি অত্যন্ত আগ্রহী এবং আমাদের গল্প বিশ্ববাসীর কাছে পৌঁছে দিতে চাই।"

Tata Curvv শুধুমাত্র একটি নতুন গাড়ি নয়, এটি একটি নতুন মানদণ্ড স্থাপন করতে চলেছে ভারতীয় (Mid-SUV) সেগমেন্টে। আধুনিক ডিজাইন, নিখুঁত প্রোপোরশন এবং উদ্ভাবনী ফিচারের সংমিশ্রণে এটি এক নতুন অভিজ্ঞতা দেবে। Tata Motors এই গাড়ির অনন্য বৈশিষ্ট্য তুলে ধরতে বিশেষ প্রচারণার পরিকল্পনা করেছে, যা এক নতুন মাত্রা যোগ করবে ভারতের গাড়ির বাজারে।

Tata Motors এবং Vicky Kaushal-এর এই অংশীদারিত্ব নিঃসন্দেহে গাড়িপ্রেমীদের জন্য এক নতুন দিগন্ত উন্মোচন করবে এবং ভারতীয় গাড়ি শিল্পকে আরও শক্তিশালী করবে।

(১ম পাতার পর)

# লোকসভায় পেশ হল ওয়াকফ সংশোধনী বিল, আপত্তি বিরোধীদের

বিরোধিতা করে একে অসাংবিধানিক এবং মুসলিমদের পক্ষে একপেশে মনোভাব বলে সমালোচনা করে।

এদিন লোকসভায় ঝড় তোলার আগে কংগ্রেস নেতা রাহুল গান্ধী দলের লোকসভা এমপিদের সঙ্গে এক বৈঠক করেন। কেন্দ্র-বিরোধী জোট ইন্ডিয়ার তরফেও ঠিক হয়েছে যে, এদিন বিল পেশের সময় বা পরে কোনও প্রতিবাদ-বিক্ষোভ নয়, ওয়াকআউট নয়। ইন্ডিয়া জোট শুধু আলোচনা-বিতর্ক চায় এবং ভোটাভুটির জন্য চাপ দেবে সরকারকে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে মঙ্গলবার সন্ধ্যাতেই জানিয়ে দিয়েছিলেন, ওয়াকফ বিলকে পরাজিত করতে বিরোধী দলগুলি ঐক্যবদ্ধ রয়েছে

এই সংশোধনী বিল নিয়ে এদিন ফের একবার শাসক-বিরোধী জোটের শক্তি প্রদর্শন হতে চলেছে। যদি ভোটাভুটির দিকে গড়ায় তাহলে কার পক্ষে কত ভোট পড়তে পারে! কোন দলের কী অবস্থা রয়েছে লোকসভায়? যদি বিরোধীরা ভোটাভুটির উপর চাপ দেয় তাহলে তা ধ্বনি ভোটে হবে, নাকি বোতাম টিপে অথবা গোপন ব্যালটে, তা ঠিক করার অধিকারী একমাত্র স্পিকার ওম বিড়লা। এই বিল পাশ করতে বিজেপির প্রয়োজন ২৭২টি সমর্থন।

ওয়াকফ বিলের পক্ষে এনডিএ-র শক্তি কত লোকসভায়?

বিজেপি-২৪০
জেডি(ইউ)- ১২
তেলুগু দেশম পার্টি- ১৬
এলজেপি (আরভি)- ৫
আরএলডি- ২
শিবসেনা (একনাথ শিন্ডে)- ৭

অর্থাৎ এনডিএ জোটের পক্ষে থাকছে ২৮২টি ভোট। যদি সব ভোট বিলের পক্ষে পড়ে তাহলে লোকসভায় সহজেই পাশ হয়ে যাবে ওয়াকফ সংশোধনী বিল।

ওয়াকফ বিলের বিপক্ষে ইন্ডিয়া জোটের শক্তি কত লোকসভায়?

কংগ্রেস- ৯৯
সমাজবাদী পার্টি- ৩৭
তৃণমূল কংগ্রেস- ২৮
ডিএমকে-২২
শিবসেনা (উদ্ধব ঠাকরে)- ৯
এনসিপি (পাওয়ার)- ৮
সিপিএম- ৪
আরজেডি- ৪
আম আদমি পার্টি- ৩
ঝাড়খণ্ড মুক্তি মোর্চা-৩
মুসলিম লিগ- ৩
ন্যাশনাল কনফারেন্স- ২
অন্যান্য- ১৩

অর্থাৎ ইন্ডিয়া জোটের সংখ্যা ২৩৫। ফলে ভোটাভুটি হলে বিরোধী জোটের পরাজয় সংখ্যাতত্ত্বের বিচারে অনিবার্য। তবে মিমের প্রধান আসাউদ্দিন ওয়েইসি এই বিলের কট্টর বিরোধী হলেও তিনি ইন্ডিয়া জোটের শরিক নয়। এছাড়াও ওয়াইএসআরসিপির ৪ জন এমপিও জোট নিরপেক্ষ হলেও তাঁরা বিরুদ্ধে ভোট দেবেন।

# সিনেমার খবর


## শয্যাশায়ী মাকে আবেগতাড়িত হয়ে যা বলেছিলেন শাহরুখ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

তিনি শাহরুখ খান। ক্যারিয়ারের শুরু থেকেই যে বলিউডে রাজত্ব করেছেন এমনটা মোটেও নয়। একের পর এক ধাক্কা সহ্য করে টিকে থাকতে হয়েছে তাকে। শুরুতেই অভাবের সঙ্গে লড়াই। তারপরই পরিবারে একের পর এক মৃত্যু। আঘাত সহ্য করতে পারেননি শাহরুখ। ১৯৮১ সালে প্রথম ধাক্কা খান কিং খান, যখন তিনি প্রথম জানতে পেরেছিলেন যে তার বাবার ক্যান্সার। বাবার মৃত্যু সহ্য করতে পারেননি তিনি।

এর মাঝেই আরও বড় আঘাতের মুখোমুখি পড়তে হয় তাকে। হঠাৎই মৃত্যুশয্যায় চলে যান শাহরুখের মা। মা-বাবাকে ভীষণ ভালোবাসতেন তিনি। একাধিক সাক্ষাৎকারে তাকে বলতে শোনা যায়, তিনি প্রতিটা মুহূর্তে অভিভাবকদের কতটা মনে করেন।

তবে মা যখন মৃত্যুশয্যায়, তখন আর নিজেকে সামলাতে পারেননি শাহরুখ। আবেগে ভেসে অসুস্থ



মাকে স্পষ্ট জানিয়ে দিয়েছিলেন, মা যদি চলে যায় তবে তিনি নিজেকে শেষ করে দেবেন। ভেবেছিলেন এ কথা শুনে তার মা হয়ত দ্রুত সুস্থ হয়ে উঠবেন।

এক সাক্ষাৎকারে শাহরুখ জাজানান, সেই সময় মায়ের সঙ্গে যে ব্যবহারটা তিনি করেছিলেন তা মোটেও মেনে নেওয়ার মতো নয়। আজ তিনি বুঝতে পারেন তা কতটা বোকা বোকা আচরণ ছিল। তিনি সেই সময় মাকে রীতিমতো হুমকি দিয়েছিলেন, বলে দিয়েছিলেন, তিনি কাজ ছেড়ে দেবেন, পড়াশোনা ছেড়ে দেবেন। বোনের যত্ন নেবেন না। খারাপ হয়ে যাবেন।

আসলে তিনি চেয়েছিলেন তার মাকে ভয় দেখাতে। মাকে আটকে রাখতে। কিন্তু শাহরুখ বাস্তব বুঝতে পারেন পরে। মৃত্যু আটকানো যায় না। তার মায়ের তখন যাওয়ারই ছিল। শাহরুখ পরে মুখে হাসি নিয়ে বলেন, মা যেখানেই আছেন ভালো আছেন। কারণ আমি বোনের যত্নও নিয়েছি, পাশাপাশি কাজও করে চলেছি।

## সর্বোচ্চ পারিশ্রমিকের নজির গড়লেন প্রিয়াঙ্কা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউড-হলিউডে দুই জায়গাতেই সমানভাবে দাঁপিয়ে বেড়াচ্ছেন প্রিয়াঙ্কা চোপড়া। অবশেষে এবার গড়লেন নতুন রেকর্ড। এবার সবচেয়ে বেশি পারিশ্রমিকে চুক্তিবদ্ধ হয়ে গড়লেন নতুন রেকর্ড। পরিচালক রাজমৌলির সিনেমা দিয়ে ভারতের সর্বোচ্চ পারিশ্রমিক প্রাপ্ত অভিনেত্রী হচ্ছেন প্রিয়াঙ্কা। বর্তমানে বলিউডের কাজে তেমন দেখা যায় না দেশি গার্ল খ্যাত এই বিশ্ব সুন্দরীকে। তিনি এখন



হলিউডেই বেশি মনযোগী।

এদিকে 'আরআরআর' সিনেমায় ব্যাপক সাফল্যের পর নির্মাতা রাজমৌলি নির্মাণ করতে যাচ্ছেন 'এসএসএম ২৯'। শোনা যাচ্ছে বেশ আগেই রাজমৌলি প্রিয়াঙ্কাকে ছবির অফার দিয়েছিলেন। কিন্তু বেশি পারিশ্রমিক চেয়ে বসেন অভিনেত্রী। অবশেষে প্রিয়াঙ্কার চাহিদার কাছে হার মানতেই হলো পরিচালককে।

তথ্য মতে, ৩০ কোটি ভারতীয় রুপিতে সিনেমায় চুক্তিবদ্ধ হয়েছেন এই তারকা। এতো পারিশ্রমিকে এর আগে বলিউডে কোনো অভিনেত্রী কাজ পাননি। এর আগে, দীপিকা প্রতি সিনেমা বাবদ ১৫-২০ কোটি রুপি নিতেন। তাকেও টপকে গেলেন প্রিয়াঙ্কা। নতুন সিনেমায় প্রিয়াঙ্কার বিপরীতে অভিনয় করবেন মহেশ বাবু।

## 'কেশরী ২' ছবির প্রথম ঝলকে ভারতের ইতিহাসের কালো অধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউডে দেশাত্মবোধক সিনেমা হলেই ডাক পড়ে অক্ষয় কুমারের। 'মিশন মঙ্গল', 'কেশরী' 'স্কাই ফোর্স', 'এয়ারলিফ্ট', 'মিশন রানিগঞ্জ' থেকে শুরু করে ফিল্মি কেরিয়ারে এমন অনেক সিনেমায় অভিনয় করেছেন তিনি। এবার সেই তালিকায় সংযোজন 'কেশরী চ্যাপ্টার ২: দ্য আনটোল্ড স্টোরি অফ জালিয়ানওয়ালাবাগ'।

জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড অবলম্বনে সিনেমা তৈরির কথা বছর চারেক আগেই ঘোষণা করেছিলেন প্রযোজক করণ জোহর। সেসময় জানা গিয়েছিল 'কেশরী' ছবির সিকুয়েলে ব্রিটিশদের নির্মম অত্যাচারের কাহিনি ফুটে উঠবে।

সোমবার সিনেমার টিজার প্রকাশ্যে এসেছে। প্রথম ঝলকেই আইনজীবীর ভূমিকায় নজর কাড়লেন অক্ষয় কুমার। ১ মিনিট ৩৯ সেকেন্ডের ঝলকে প্রথম ৩০ সেকেন্ড কোনওরকম ভিস্যুয়াল নেই। শুধুই আর্তনাদ, বাঁচার করুণ আর্তি আর কয়েক রাউন্ড গোলাগুলোর আওয়াজ! তারপর সব স্তব্ধ। এরপরই গুরুদ্বারে সি শংকরণ নায়ারের ভূমিকায় অক্ষয় কুমারকে প্রার্থনা করতে দেখা যায়। পরের দৃশ্যেই তিনি ডাকসাইটে আইনজীবী। কালো পোশাকে কোর্টরুমে ব্রিটিশরাজের বিরুদ্ধে 'অশ্রাব্য' অথচ 'যথাযোগ্য ভাষায়' প্রতিবাদ করতে দেখা যায়। পয়লা ঝলকেই ডাকাবুকো বডি ল্যাঙ্গুয়েজে দেশপ্রেম উসকে দিলেন অক্ষয় কুমার।

আগামী ১৮ এপ্রিল প্রেক্ষাগৃহে মুক্তি পাবে 'কেশরী চ্যাপ্টার ২: দ্য আনটোল্ড স্টোরি অফ জালিয়ানওয়ালাবাগ'। যে ছবিতে খিলাড়ির পাশাপাশি গুরুত্বপূর্ণ ভূমিকায় দেখা যাবে আর মাধবন এবং অনন্যা পাণ্ডেকে। যৌথ প্রযোজনায় করণ জোহরের ধর্মা প্রডোকশনস এবং কেপ অফ গুড ফিল্মস।

প্রসঙ্গত, ভারতীয় ইতিহাসে এখনও দগদগে ঘায়ের মতো জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড। ১৯১৯ সালের এপ্রিল মাসে জেনারেল ডায়ারের নির্দেশে নিরস্ত্র মানুষদের উপর গুলি চালায় ব্রিটিশ সৈনিকরা। জালিয়ানওয়ালাবাগ মাটি ভিজেছিল ভারতীয়দের রক্তের স্রোতে। প্রতিবাদের তীব্র আগুন সঞ্চারিত হয় সারা দেশে। সংশ্লিষ্ট হত্যাকাণ্ডের প্রতিবাদে ইংরেজ সরকারের দেওয়া 'নাইটহুড' উপাধি ত্যাগ করেন রবীন্দ্রনাথ ঠাকুর। গণহত্যার বিচারের দাবিতে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে আদালতে মুখোমুখি হয়েছিলেন সি শংকরণ নায়ার। সেই প্রেক্ষাপটেই তৈরি হয়েছে 'কেশরী চ্যাপ্টার ২'।

# উইকেট পেয়ে উদযাপন করে শাস্তি, এমনকি ট্রোলের শিকার আইপিএলে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




ক্রিকেটে ব্যতিক্রমী উদযাপনের অনেক নজির আছে। একেক ক্রিকেটারের আনন্দ প্রকাশের ভঙ্গি একেক রকম। ব্যক্তিগত ও দলীয় উদযাপনের বিশেষ 'স্টাইল' অনেক সময় হয়ে ওঠে আলোচনার কেন্দ্রবিন্দু। তেমনই একটি উদযাপন হলো 'নোটবুক সেলিব্রেশন'—যেখানে উইকেট পাওয়ার পর হাতের তালুকে কাল্পনিক খাতায় রূপ দিয়ে কলম দিয়ে লেখার ভঙ্গি করা হয়। তবে আইপিএলে এমন উদযাপন করেই শাস্তি ও ট্রোলের মুখে পড়তে হলো দিগভেশ রাঠিকে।

গতকাল (মঙ্গলবার) লখনৌয়ের অটল বিহারি বাজপেয়ি একানা স্টেডিয়ামে স্বাগতিক লখনৌ সুপার জায়ান্টস মুখোমুখি হয় পাঞ্জাব কিংসের। ম্যাচটিতে পরাজিত লখনৌয়ের হয়ে সবচেয়ে ইকোনমিক্যাল বোলিং করেছেন স্পিনার দিগভেশ রাঠি। লেগ স্পিনে ৪ ওভারে ৩০ রান দিয়ে ২ উইকেট শিকার করেন তিনি।

তার প্রথম উইকেট ছিল প্রিয়াংশ আর্য। পুল করতে গিয়ে টপ-এজ হয়ে ক্যাচ তুলে দেন পাঞ্জাবের ওপেনার। এরপরই নিজের 'নোটবুক সেলিব্রেশন' করেন দিগভেশ। আর এই উদযাপনের জন্যই বিসিসিআই তাকে জরিমানা করেছে।

দিগভেশকে শাস্তি দেওয়ার বিষয়ে ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) বিবৃতিতে বলা হয়েছে, "লখনৌ সুপার জায়ান্টসের বোলার দিগভেশ রাঠি আইপিএলের আচরণবিধি লঙ্ঘনের কারণে ম্যাচ ফি'র ২৫ শতাংশ জরিমানা করা হয়েছে। পাশাপাশি তার নামে যুক্ত হয়েছে একটি ডিমেরিট পয়েন্টও।"

দিগভেশ আর্টিকেল ২.৫-এর অধীনে লেভেল ১ অপরাধ স্বীকার করেছেন। তবে বিসিসিআই তার উদযাপনে আচরণবিধি লঙ্ঘনের সুনির্দিষ্ট কারণ স্পষ্ট করেনি।

এর আগে, প্রিয়াংশ আউট হয়ে ফেরার সময় তার সামনে গিয়ে কাল্পনিকভাবে নোটবুকে নাম লেখার ভঙ্গি করেন দিগভেশ। এ ঘটনায় মাঠের আম্পায়াররা তার সঙ্গে কথা বলেন।

এই উদযাপন নিয়ে ভারতের কিংবদন্তি ক্রিকেটার সুনীল গাভাস্কারও সমালোচনা করেছেন। ধারাভাষ্য দিতে গিয়ে গাভাস্কার বলেন, "আমি বুঝতে পারি, ব্যাটার ছক্কা বা বাউন্ডারি মারার পর বোলার উইকেট পেয়ে উদযাপন করে। কিন্তু একজন বোলারের ছয়টি বল থাকে। যদি পাঁচটি ডট বলের পর ষষ্ঠ বলে উইকেট পান, আর তখন এমন কিছু করেন, সেটা অপ্রয়োজনীয় মনে হয়। এসব ইঙ্গিত করে যে, আপনি নিজের উইকেট পাওয়ার সম্ভাবনা নিয়েই আত্মবিশ্বাসী ছিলেন না, তাই এখন উইকেট পেয়ে দেখানোর চেষ্টা করছেন।"

খেলায় প্রথমে ব্যাট করা লখনৌ সুপার জায়ান্টস নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ১৭১ রান সংগ্রহ করে। নিকোলাস পুরান সর্বোচ্চ ৪৪ ও আয়ুশ বাদোনি ৪১ রান করেন। পাঞ্জাবের পেসার আর্শদীপ সিং ৩ উইকেট শিকার করেন।

লক্ষ্য তাড়া করতে নেমে পাঞ্জাব কিংসের ওপেনার প্রিয়াংশ আর্য দ্রুত আউট হলেও, পরবর্তী তিন ব্যাটার দলকে জয়ের বন্দরে পৌঁছে দেন। প্রভসিমরান সিং ৬৯, অধিনায়ক শ্রেয়াস আইয়ার অপরাজিত ৫২ ও নেহাল ওয়াধেরা ৪৩ রান করেন।

## কলকাতাকে হারিয়ে যে রেকর্ড গড়লো মুম্বাই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এ বারের আইপিএলে প্রথম জয় পেল মুম্বাই ইন্ডিয়ান্স। কলকাতা নাইট রাইডার্সকে ৪৩ বল বাকি থাকতে ৮ উইকেটে হারাল মুম্বাই। যে ম্যাচ জেতার সঙ্গে সঙ্গেই রেকর্ড গড়লো মুম্বাই। ভেঙে দিল কলকাতারই রেকর্ড।

গতকাল সোমবারের ম্যাচটি ছিল ওয়াংখেড়েতে। যে মাঠে মুম্বাই ৫৩তম ম্যাচ জিতল। আইপিএলের কোনো দলের একটি মাঠে সবচেয়ে বেশি ম্যাচ জয়ের রেকর্ড এটি। ভেঙে গেল কেকেআরের রেকর্ড। একটি মাঠে সবচেয়ে বেশি ম্যাচ জেতার রেকর্ডটি ছিল কলকাতার। ইডেনে ৫২টি ম্যাচ জিতেছে তারা। যে রেকর্ড ভেঙে গেল সোমবার।

এ বারের আইপিএল শেষে এই রেকর্ড আবার ভেঙে যেতে পারে। কেকেআর এবং মুম্বাইয়ের ঘরের মাঠে ছ'টি করে খেলা বাকি। সেই সঙ্গে চেন্নাই সুপার কিংস চিপকে ৫১টি ম্যাচ জিতেছে। ফলে তাদেরও সুযোগ রয়েছে বাকি দু'জনকে টপকে যাওয়ার।

কলকাতার পরের ম্যাচ ইডেনে। সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে খেলবে তারা। লখনউ সুপার জায়ান্টসের বিরুদ্ধেও ৮ এপ্রিল কলকাতায় খেলবে কেকেআর। মুম্বাইয়ের পরের ম্যাচ লখনউয়ের বিরুদ্ধে সেটি ঘরের মাঠে নয়। ফলে মুম্বাই ঘরের মাঠে পরের ম্যাচ খেলতে নামার আগেই কেকেআর তাদের টপকে যেতে পারে।

ওয়াংখেড়েতে কলকাতাকে ১০ বার হারিয়েছে মুম্বাই। একটি মাঠে কোনো নির্দিষ্ট দলের বিরুদ্ধে এটাই সবচেয়ে বেশি জয়। এর আগে কলকাতা ইডেনে পাঞ্জাব কিংসকে ৯ বার হারিয়েছিল। সেই রেকর্ডও ভেঙে গেল সোমবার।

ম্যাচে প্রথমে ব্যাট করে ১১৬ রান করে কলকাতা। অশ্বনী কুমার অভিষেক ম্যাচেই চার উইকেট নেন। মুম্বাইয়ের এই বাঁহাতি পেসারের দাপটেই চাপে পড়ে যায় কলকাতা। অল্প রান তাড়া করতে নেমে মুম্বাই মাত্র দু'উইকেট হারিয়ে জয়ের বন্দরে পৌঁছে যায়।

## মুম্বাইয়ের কাছে পাত্তাই পেল না কলকাতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অবশেষে দুর্দান্তভাবেই কামব্যাক করলো মুম্বাই ইন্ডিয়ান্স। আইপিএলের চলতি মৌসুমের প্রথম দুই ম্যাচ হেরে যাওয়ার পর আজ সোমবার দারুণভাবে ঘুরে দাঁড়ালো রোহিত শর্মা ও হার্দিক পান্ডিয়ার দল। এ ম্যাচে কলকাতা নাইট রাইডার্সকে (কেকেআর) রীতিমত উড়িয়ে দিলো তারা। ডিফেন্ডিং চ্যাম্পিয়নদের ৮ উইকেটের বিশাল ব্যবধানে হারিয়ে টুর্নামেন্টের প্রথম জয় তুলে নিলো চারবারের চ্যাম্পিয়ন মুম্বাই।

সোমবার ওয়াংখেড়ে স্টেডিয়ামে অর্ধেক কাজ করে দিয়েছেন মুম্বাইয়ের বোলাররাই। অশ্বিনী কুমার ও দিপক চাহারের বোলিং তোপে ১৬.২ ওভারে ১১৬ রানে অলআউট হয় কলকাতা। জবাব দিতে নেমে ৮ উইকেট আর ৪৩ বল হাতে রেখে জয়ের বন্দরে পৌঁছে যায় স্বাগতিক মুম্বাই।

মুম্বাইয়ের দুর্দান্ত জয়ে বড় অবদান রায়ান রিকেলটনের। ৪১ বলে ৬২ রানের হার না মানা ইনিংস খেলে দল জিতিয়ে মাঠ ছাড়েন দক্ষিণ আফ্রিকার ২৮ বছর বয়সী তারকা। ৯ বলে ২৭ রানের ইনিংস খেলে তাকে সহায়তা করেন সূর্যকুমার যাদব। উইল জ্যাকস ১৬, রোহিত করেন ১৩ রান।

এর আগে টস হেরে ব্যাট করতে নেমে ৪৫ রানেই ৫ উইকেট হারিয়ে ফেলে কলকাতা। অশ্বিনী কুমার, হার্দিক পান্ডিয়া, দিপক চাহারের তোপের মুখে দ্রুত সাজঘরের পথ ধরেন কলকাতার টপঅর্ডার কুইন্টন ডি কক, সুনিল নারিন, আজিঙ্কা রাহানে, অ্যাংক্রিশ রঘুবংশী ও ভেঙ্কটেশ আইয়ার।




ষষ্ঠ উইকেটে ২১ বলে ২৬ রানের জুটি করেন মনিশ পান্ডে ও রিংকু সিং, যা কলকাতার এ ইনিংসের সর্বোচ্চ জুটি। ব্যক্তিগত সর্বোচ্চ স্কোর রঘুবংশীর, ১৬ বলে ২৬ রান।

রমণদ্বীপ সিং ১২ বলে ২২, পান্ডে ১৪ বলে ১৯ ও রিংকু সিং ১৪ বলে ১৭ রান করেন।

মুম্বাইয়ের হয়ে বল হাতে ২৪ রানে ৪ উইকেট নেন অশ্বিনী কুমার। ২ উইকেট নেন দিপক চাহার। কলকাতার হয়ে ২ উইকেট শিকার করেন আন্দ্রে রাসেল।

চলতি মৌসুমে এখন পর্যন্ত তিন ম্যাচ খেলে দ্বিতীয়বার হারলো কলকাতা।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১

● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR